

## যাত্রা শুরু করলো ‘আবৃত্তি মেলা’

কবিতা ও আবৃত্তি প্রেমীদের জন্য শুভ নববর্ষ নিয়ে এসেছে নববারতা। আবৃত্তি শিল্পীদের দীর্ঘদিনের আকাঞ্চ্ছার বাস্তব  
প্রয়োগ ঘটছে মাহিদুল ইসলামের নেতৃত্বে। শুধু আবৃত্তি অ্যালবাম প্রযোজন ও বিপণনের অভিপ্রায়ে আজিজ সুপার  
মার্কেট, শাহবাগে যাত্রা শুরু করেছে ‘আবৃত্তি মেলা’।

গত ১৩ এপ্রিল’০৯ সোমবার, চৈত্র-সংক্রান্তির বিকেল ৫টায় ‘আবৃত্তি মেলা’র শুভ উদ্বোধন ঘোষণা করেছেন দেশ-  
বরেণ্য আবৃত্তি শিল্পী আসাদুজ্জামান নূর এমপি।

যাত্রারঙ্গের আনন্দানিকতায় উপস্থিত ছিলেন পীযুষ বন্দোপাধ্যায়, মীর বরকত, কামরুল হাসান মঞ্জু, গোলাম সারোয়ার,  
প্রজা লাবনী, বেলায়েত হেসেন, লায়লা আফরোজ, ডালিয়া আহমেদ, হাসান আরিফ, শিয়ুল মুস্তাফা, আহকাম উল্লাহ,  
রফিকুল ইসলাম, ইকবাল খোরশোদ, রেজীবা ওয়ালী লীনা, মাসকুর-এ সান্তার কল্লোল, রবিশক্র মৈত্রী, বায়েজিদ  
মিক্কী, শামসুল হায়দার ডালিম, দন্ত্যস রওশন, শারমিন লাকী, অনন্ত হীরা এবং আবৃত্তি অনূরাগী-শুভার্থী আরো অনেক  
অতিথি।

দেশী ও বিদেশী আবৃত্তি সংকলনের বিপুল সমারোহ এই আবৃত্তি মেলা। পর্যায়ক্রমে ঢাকা ও ঢাকার বাইরের প্রান্ত ও  
নবীন শিল্পীদের অ্যালবাম নিয়মিত প্রকাশ করবে আবৃত্তি মেলা। শিশুতোষ ও শিল্পীদের অ্যালবাম পাশাপাশি প্রমিত  
বাংলা উচ্চারণের অ্যালবাম, কবি কঠে কবিতাপাঠ, প্রবন্ধ এবং মুক্তিযুদ্ধবিষয়ক বহুবিধ অডিও সংকলন প্রকাশনা  
পরিকল্পনা রয়েছে আবৃত্তি মেলা’র।

‘আবৃত্তি মেলা’ আবৃত্তিশিল্পী মাহিদুল ইসলাম ও অস্ট্রেলিয়া প্রবাসী কবি আবুল হাসনাং মিল্টনের সৃজনশীল একটি  
ঘোষ উদ্যোগ।

